

আরবিআই/2014-15/498

ডিবিআর.এএমএল.বিসি.নং.77/14.01.001/2014-15

মার্চ 13, 2015

সকল তফশিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্কসমূহ/আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্কসমূহ/লোকাল এরিয়া ব্যাঙ্কসমূহ / সর্বভারতীয় আর্থিক সংস্থাসমূহ-এর চেয়ারপারসন/সিইও-গণ
মাননীয় মহাশয়/মহাশয়া

নিজের গ্রাহকদের জানুন (কেওয়াইসি) নির্দেশাবলী-মালিকানাধীন সংস্থাসমূহের অ্যাকাউন্টসমূহ অনুগ্রহ করে কেওয়াইসি-র পদ্ধতির উপর আমাদের জুলাই 1, 2014 তারিখাঙ্কিত মাস্টার সার্কুলার নং ডিবিওডি.এএমএল.বিসি.নং.22/14.01.001/2014-15 এর 2.5 (এইচ) অনুচ্ছেদ এবং আমাদের মার্চ 26, 2010, তারিখাঙ্কিত সার্কুলার ডিবিওডি.এএমএল.বিসি.নং. 80/14.01.001/2009-10 দেখুন, যেখানে একক মালিকানাধীন সংস্থা-র ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলার পদ্ধতি ব্যাখ্যা করা রয়েছে এবং তার সঙ্গে উক্ত কাজের জন্য নথিসমূহের প্রয়োজনীয়তা অপেক্ষাকৃত সহজতর করে আমাদের আগস্ট 31, 2010 এবং এপ্রিল 17, 2012, তারিখাঙ্কিত পরবর্তী সার্কুলারগুলি দেখুন।

2. একক মালিকানাধীন সংস্থা-র অ্যাকাউন্ট খোলার সময় কিছু নির্দিষ্ট ক্ষেত্রে কার্যকলাপের প্রমাণস্বরূপ দুইটি নথি জমা দেওয়ার নিয়ম মানতে গিয়ে অসুবিধা-র অভিযোগ ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক পেয়েছে। কিছু কিছু কার্যকলাপের ক্ষেত্রে এরকম দুইটি নথি আহরণ করতে সত্যিকারের সমস্যা হবার সম্ভাবনা রয়েছে। সেই কারণে, কিছু ক্ষেত্রে মালিকানাধীন সংস্থার ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলার প্রক্রিয়া সহজ করার উদ্দেশ্যে বিষয়টি পুনর্বিবেচনা করা হয়েছে। অ্যাকাউন্ট খোলার ক্ষেত্রে স্বাভাবিক নিয়ম হল, মাস্টার সার্কুলার-এর 2.5 (এইচ) অনুচ্ছেদের তালিকাভুক্ত যে কোনও দুইটি নথি, মালিকানাধীন সংস্থাকে কার্যকলাপের প্রমাণস্বরূপ দিতে হবে। যদিও সেইসব ক্ষেত্র যেখানে এই ব্যাপারে ব্যাঙ্ক নিশ্চিত হবে যে এরকম দুইটি নথি জমা দেওয়া সম্ভব নয়, তারা ঐসকল নথিসমূহের মধ্যে কেবলমাত্র একটি-কে কার্যকলাপের প্রমাণস্বরূপ গ্রহণ করতে পারবে। যদিও সেইসব ক্ষেত্রে ব্যাঙ্কসমূহকে কন্ট্যাক্ট পয়েন্ট ভেরিফিকেশন-এর উদ্যোগ নিতে হবে, সংস্থা-র উপস্থিতি প্রমাণ করতে তথ্য সংগ্রহ করতে হবে, নিজেদেরকে নিশ্চিত, স্পষ্ট এবং নিশ্চিত করতে হবে যে মালিকানাধীন সংস্থার ঠিকানাটিতে ব্যবসায়ী কার্যকলাপ যাচাই করে দেখা হয়েছে।

3. এখানে এটাও স্পষ্ট করা হল যে মাস্টার সার্কুলারের 2.5 (এইচ) অনুচ্ছেদে উল্লিখিত পঞ্জীকরণ কতৃপক্ষের তালিকা কেবলমাত্র দৃষ্টান্তমূলক এবং সেই কারণে এর মধ্যে সংবিধির (স্ট্যাট্যুট) অধীন যে কোনও পেশাদারি সংস্থার মাধ্যমে মালিকানাধীন সংস্থাটির নামে ধার্য লাইসেন্স/সার্টিফিকেট অফ প্রাকটিস, মালিকানাধীন সংস্থাটির কার্যকলাপের প্রমাণস্বরূপ নথি হিসাবে অন্তর্ভুক্ত থাকবে।

4. উপরোক্ত নির্দেশিকার আলোকে এবং তাকে যথাযথ ভাবে মেনে চলতে ব্যাঙ্কসমূহ তাদের কেওয়াইসি নীতি পরিমার্জন করতে পারে।

5. অনুগ্রহ করে আপনার প্রিন্সিপাল অফিসার-কে এই সার্কুলার পত্রটির প্রাপ্তিস্বীকার করতে বলবেন।

আপনার বিশ্বস্ত,

(লিলি ভাদেয়া)

মুখ্য মহাপ্রবন্ধক

